# লোকবার্তা

পঁচিশ-তম বর্ষ । দ্বিতীয় সংখ্যা    লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের বুলেটিন    অক্টোবর ২০২১-মে ২০২২

## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন



লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের ২৭-তম বর্ষপূর্তি উৎসব অনুষ্ঠিত হল ৬ ডিসেম্বর ২০২১। করোনা অতিমারীর প্রভাবে এবারেও সংক্ষিপ্ত আয়োজনে মাত্র একদিনের এই ঘরোয়া অনুষ্ঠান পালন করা হয়। উদ্‌বোধনী অনুষ্ঠানে সংস্কৃতি অধিকর্তা কৌশিক বসাক, অতিরিক্ত সংস্কৃতি অধিকর্তা মতিলাল কিস্কু, পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমির সদস্য-সচিব বাসুদেব ঘোষ, কেন্দ্রের অন্যতম সদস্য বরুণকুমার চক্রবর্তী ও লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের সদস্য-সচিব কৌস্তভ তরফদার উপস্থিত ছিলেন। এদিন কেন্দ্র থেকে প্রকাশিত বাসুদেব ঘোষের লেখা 'প্রবাদের গল্প' বইটির পুনর্মুদ্রিত রূপ আনুষ্ঠানিক ভাবে প্রকাশ করা হয়। সান্ধ্য অনুষ্ঠানে পশ্চিম মেদিনীপুর জেলার পানমনি বেসরার ঝুমুর গান, ঝাড়গ্রাম জেলার সীতারাম সরেন ও তাঁর দলের সাঁওতালি নাচ এবং দক্ষিণ ২৪ পরগনার নিরঞ্জন সুতারের বাউল গান পরিবেশিত হয়।



## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের নতুন কর্মসমিতি

লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের নবগঠিত কর্মসমিতির সদস্যরা হলেন— শ্রীমতী বীরবাহা হাঁসদা (সভানেত্রী), শ্রী পরীক্ষিৎ বালা (সহ-সভাপতি), শ্রী স্বপন দেবনাথ, শ্রী দুলাল মুর্মু, শ্রী সারদাপ্রসাদ কিস্কু, শ্রী বরুণকুমার চক্রবর্তী, শ্রীমতী নিয়তি মাহাতো, শ্রী শিবশংকর সরেন, শ্রী সুকুমার মাহাতা, শ্রীমতী বীরবাহা সরেন টুডু, শ্রী কৌশিক বসাক (সংস্কৃতি অধিকর্তা) ও শ্রী কৌস্তভ তরফদার (সচিব, লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র)। এই কর্মসমিতির প্রথম সভা ৫ এপ্রিল ২০২২ কেন্দ্রের লোকগ্রামের সভাকক্ষে অনুষ্ঠিত হয়।

## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র প্রবর্তিত পুরস্কার প্রদান

'নজরুল জন্মজয়ন্তী ২০২২' উদ্‌যাপন উপলক্ষ্যে তথ্য ও সংস্কৃতি বিভাগের অন্তর্গত বিভিন্ন আকাদেমি, পর্ষদ ও কেন্দ্র প্রবর্তিত সংশ্লিষ্ট পুরস্কার প্রদান করা হয়। কলকাতার নিউটাউনের নজরুলতীর্থে ২৬ মে ২০২২ অনুষ্ঠিত আয়োজনে এইসব পুরস্কার প্রদান করা হয়।

| পুরস্কারের নাম | প্রাপকের নাম ও জেলা |
|---|---|
| সুধী প্রধান পুরস্কার | অঞ্জলি রায় ডাকুয়া, জলপাইগুড়ি |
| লালন পুরস্কার | অধর ক্ষ্যাপা বাউল, হুগলি |
| পন্ডিত রঘুনাথ মুর্মু পুরস্কার | ধরমদাস মান্ডি, বাঁকুড়া |
| ঠাকুর পঞ্চানন বর্মা পুরস্কার | বাজলে রহমান, কোচবিহার |



## সাধু রামচাঁদ মুর্মুর জন্মদিবস উদ্‌যাপন



লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের উদ্যাগে এবং ঝাড়গ্রাম জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় ৩০ এপ্রিল ২০২২ উদ্‌যাপিত হল সাঁওতালি ভাষার বিশিষ্ট কবি সাধু রামচাঁদ মুর্মুর জন্মদিবস। ঝাড়গ্রাম জেলার বিনপুর-২ ব্লকের কবির বাসস্থান কামারবান্দি গ্রামে জন্মদিবসের এই অনুষ্ঠান হয়। কবির মূর্তিতে মাল্যদান, মাঙ্গলিক অনুষ্ঠান, সাহিত্যসভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে দিনটি পালিত হয়। সাঁওতালি ভাষা-সাহিত্য চর্চা এবং সাংস্কৃতিক পরম্পরায় রামচাঁদ মুর্মুর কাজ ও ভূমিকা আলোচনা করা হয়। অনুষ্ঠানে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের সভানেত্রী এবং রাজ্য সরকারের বন ও ক্রেতা সুরক্ষা দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বীরবাহা হাঁসদা-সহ ঝাড়গ্রামের জেলাশাসক, জেলা পরিষদের সভাধিপতি, অতিরিক্ত জেলাশাসক, জেলা পরিষদের কর্মাধ্যক্ষগণ, সাধু রামচাঁদ মুর্মু বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও কেন্দ্রের সদস্যরা উপস্থিত ছিলেন।

## রাজ্য কবিয়াল মেলা ও কর্মশালা



লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র এবং মুর্শিদাবাদ জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের আয়োজনে তথা মুর্শিদাবাদ জেলা প্রশাসনের সহযোগিতায়, অনুষ্ঠিত হল ২১-তম বর্ষ রাজ্য কবিয়াল মেলা ও কর্মশালা। মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জের রবীন্দ্রভবনে ২০ মে থেকে ২২ মে ২০২২ অনুষ্ঠিত এই মেলা ও কর্মশালায় প্রায় দুশো জন কবিয়াল অংশগ্রহণ করেন। বাংলার প্রখ্যাত কবিয়াল গুমানি দেওয়ান স্মরণে এই মেলা ও কর্মশালা সাড়ম্বরে অনুষ্ঠিত হল। অনুষ্ঠানে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের সদস্য-সচিব তথা যুগ্ম তথ্য অধিকর্তা কৌস্তভ তরফদার, জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক প্রবাল বসাক প্রমুখ উপস্থিত ছিলেন। রাজ্যের বিভিন্ন জেলা থেকে আগত কবিয়ালদের কবিগান ও কর্মশালায় বহু আগ্রহী দর্শক-শ্রোতাদের উপস্থিতিতে এই কবিয়াল মেলা উৎসবমুখর হয়ে ওঠে।

## গ্রন্থবার্তা

● আসন পেতে বসতে দেওয়া বাঙালি জীবনের এক অন্তরঙ্গ মুহূর্ত। কিন্তু এই আসনের সঙ্গে জড়িয়ে থাকে আপ্যায়নের ঘরোয়া দৃশ্য—আবার শিল্পের চমৎকারিত্ব। আচার-অনুষ্ঠান-লৌকিকতা-পুজো-প্রার্থনার সঙ্গে রঙে-বর্ণে আর বুননের বৈচিত্র মিলেমিশে গিয়ে গড়ে ওঠে শিল্পসুষমা। দীপঙ্কর পাড়ুই-এর *'বাংলার আসন'* (বীরুৎজাতীয় সাহিত্য সম্মিলনী, ২৫০.০০) এই সার্বিক অন্বেষণের প্রকাশ। প্রকারভেদ, উপকরণ, পরিমাপ, মোটিফ, ফোঁড় ও বোনার পদ্ধতি নিয়ে বহমান বাংলার এক শিল্পআঙ্গিকের কথা এই গ্রন্থ।

● *'জগৎবল্লভপুর গ্রামকথা : অন্বেষণের নিবিড় মাত্রা'* প্রথম খণ্ড (জগৎবল্লভপুর কৃষ্টি সংঘ, ৭৫০.০০) আঞ্চলিক ইতিহাসের প্রেক্ষাপটে লোকায়ত জীবনসংস্কৃতির বিবরণ। হাওড়া জেলার জগৎবল্লভপুর থানা এলাকাকে কেন্দ্র করে জনজীবন, সংস্কৃতি ও ইতিহাস অনুসন্ধানের সার্বিক প্রয়াস এই গ্রন্থ। বিষয়ভিত্তিক লেখায় পুরাকীর্তি, জনগণনা, নদীকেন্দ্রিক জীবন, শিক্ষা, বিজ্ঞানচর্চা, কাব্যসংস্কৃতি ইত্যাদির সঙ্গে এই খণ্ডে এলাকার তেত্রিশটি গ্রামচর্চার তথ্য নিবন্ধীকরণ হয়েছে। থানা অঞ্চলকেন্দ্রিক এই সংগঠিত প্রয়াস ও ধারাবাহিক উদ্যোগ বিরল। সম্পাদনা করেছেন কাশীনাথ আদক, নারায়ণ ঘোষাল, স্বপন নন্দী, প্রদীপকুমার চক্রবর্তী, তুষার বসু ও সাতকর্ণী ঘোষ। ভূমিকা লিখেছেন শিবেন্দু মান্না।

● কাষ্ঠ-পাষাণ-মৃত্তিকা-চিত্রের সূত্রধর শিল্পীদের শিল্পগরিমা বাংলার আবহমানের সম্পদ। এসব শিল্পকীর্তির নমুনা ও শিল্পপরিচয়ের আঞ্চলিক অন্বেষণের নিরিখে পর্যালোচনা ত্রিপুরা বসুর *'সূত্রধর শিল্প দাসপুর'* (টেরাকোটা, ২০০.০০)। পশ্চিম মেদিনীপুর জেলার দাসপুর অঞ্চলের শিল্পী ও শিল্প ঘরানায় অন্বেষণ এই গ্রন্থ। কালের প্রান্তরে হারিয়ে যাওয়া শিল্পীরা কালজয়ী হয়ে আছেন তাঁদের তৈরি মন্দির-দেবালয়, প্রাসাদ, বাঁধানো ঘাট, কাঠের রথ, দেব বিগ্রহ, খোদিত মন্দিরদ্বারের শিল্পসৌন্দর্যে। তথ্য অনুসন্ধান আর ইতিহাসের পর্যবেক্ষণ এই গ্রন্থ।

● 'আমি কে, যে চিনতে পারে আমি হল সে।/আমি তুমি একই পাত্রে, একত্রে আছি মিশে।' শব্দ গান আজ লুপ্ত। মুর্শিদাবাদ জেলার পূর্বাঞ্চল শব্দগানের উৎসভূমি হিসাবে গণ্য হলেও বর্তমান বাংলাদেশের রাজশাহীসহ এ বাংলার নদিয়া, মালদহ, বীরভূম ও বর্ধমান জেলার এলাকাতেও এ গানের প্রচলন ছিল। হিন্দু-মুসলিম ধর্ম-সমন্বয়ের ধারা মেশা এই লোকগান ছিল জনপ্রিয়। ক্ষেত্রানুসন্ধানী চর্চায় সুশান্ত বিশ্বাস দেড়শতাধিক শব্দগান সংগ্রহ করে আলোচনার ভিত্তিতে লিখেছেন *'শব্দ গান'* (বহুবচন, ১৫০.০০)।

● সুধীর চক্রবর্তীর প্রয়াণের পর তাঁর *'চালচিত্রের চিত্রলেখা'* নতুন আঙ্গিকে প্রকাশিত হল *'চালচিত্র'* (হরপ্পা, ৬৫০.০০) শিরোনামে। দুর্গাপ্রতিমার অর্ধবৃত্তাকারে সজ্জিত চালচিত্রের বিষয়, বর্ণ ও শৈলীর চিত্ররূপায়ণে জড়িয়ে থাকে অন্যতর রূপমাধুর্য। এই শিল্প ও শৈলীর নানা কথালাপ আছে লেখকের অননুকরণীয় গদ্যশৈলীতে। চালচিত্র, চিত্রকর ও হালচিত্র— এই বিষয় বিভাগে বিন্যস্ত রঙিন চিত্রশোভিত সংস্করণ।

## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র-র প্রকাশনা


অমল কে ভৌমিক
লৌকিক ছড়ায় লোকগণিত ৩০০.০০
অমিতাভ মুখোপাধ্যায়
মূল্যবোধের বিকাশে লোকসংস্কৃতির ভূমিকা ২০০.০০
অমিয়শঙ্কর চৌধুরী
পল্লিকবি একলিমুর রাজার সংগীতমালা ৮০.০০
অরুণকুমার রায়
লোকায়নচর্চার ভূমিকা ৫০.০০



অশোক ভট্টাচার্য
পশ্চিমবঙ্গের পটচিত্র ৪০০.০০
আদিত্য মুখোপাধ্যায়
রণনৃত্য ৭০.০০
আবদুর রাকিব
চারণকবি গুমানি দেওয়ান ১০০.০০
আবুল আহসান চৌধুরী
আব্বাসউদ্দিন ১২০.০০



উপেন্দ্রকিশোর রায়চৌধুরী
চিত্তরঞ্জন সেনগুপ্ত (তরজামাইচ)
মুরুলিমোহন হাঁসদা (গড়ঃ ইচ্)
টুনটুনি রেয়াঃ কাথা ৫০.০০
কালাচাঁদ মাহালী
মাহালী লোকগান ও লোককথা ১৫০.০০
গদাধর দে
লোকায়ত বাংলা দোঁহা ১৫০.০০




গৌতমকুমার দাস
গাজন ভাটা দেলের গান ১৫০.০০
ডাবলু সরেন
সাঁওতালি নাটকের কথা ১৫০.০০
তনয় মণ্ডল
রাজবংশি লোকচিকিৎসা ১০০.০০
তারাপদ সাঁতরা
পশ্চিমবঙ্গের লোকশিল্প ও শিল্পীসমাজ ৩০০.০০




দিনেন্দ্র চৌধুরী
গ্রাম নগরের গান ১০০.০০
গ্রামীণ গীতিসংগ্রহ (প্রথম খণ্ড ২০০.০০ ও
দ্বিতীয় খণ্ড ২২৫.০০)
দেবজিত্ বন্দ্যোপাধ্যায়
বঙ্গরঙ্গমঞ্চে লোকসংগীত ১৮০.০০
দীপক বিশ্বাস
কবিয়াল লম্বোদর চক্রবর্তী ৬০.০০




দীপঙ্কর ঘোষ
আদিবাসী শিকার সংস্কৃতি ১২০.০০
লোকশিল্পীর মুখোমুখি ১২০.০০
ধনঞ্জয় রায়
খন ৭০.০০
ধীরেন্দ্রনাথ কর
রাঢ় বাঁকুড়ার লোকভাষা ও লোকশব্দাবলী ১৭০.০০
ধীরেন্দ্রনাথ বাস্কে
আদিবাসী সমাজ ও পালপার্বণ ১৭০.০০




ধীরেন্দ্রনাথ বাস্কে ও দীপঙ্কর ঘোষ
বাজার হেমব্রম ৪৫.০০
নিখিলকুমার চন্দ
টগর অধিকারী ৫০.০০
নির্মলেন্দু দে
জেতোড় লোকসাহিত্য ১২০.০০
নিরঞ্জন বন্দ্যোপাধ্যায়
সুধী প্রধান : জীবন ও সাধনা ৭৫.০০




নিশীথ চক্রবর্তী
পুতুল নাচ ৮০.০০
তরজা গান ৪৫.০০
পশুপতিপ্রসাদ মাহাতো (সম্পা.)
মহাকবি বিনন্দিয়া সিংহের পদাবলী : রামায়ণ ও
রাধাকৃষ্ণ ১৫০.০০
পুষ্পজিৎ রায়
গম্ভীরা ১০০.০০




মালদহ জেলার লৌকিক ছড়া ও সংগীত ১২০.০০
প্রমোদ নাথ
তামাঙ ৬০.০০
বরুণকুমার চক্রবর্তী
লেটো ১৫০.০০
বাসুদেব ঘোষ
প্রবাদের গল্প ২০০.০০
বিকাশকান্তি মিদ্যা
দক্ষিণ চব্বিশ পরগনার স্থান নাম ১৭০.০০





বিধান বিশ্বাস
শোলাশিল্প ৫০.০০
বীরেশ্বর বন্দ্যোপাধ্যায়
ধর্মঠাকুর শূন্যপুরাণ প্রসঙ্গে ১৭০.০০
হেটো বই ১০০.০০
বুদ্ধদেব বন্দ্যোপাধ্যায়
নজরুল সাহিত্যে লৌকিক জীবন ও সংস্কৃতি ২০০.০০



মনাঞ্জলি বন্দ্যোপাধ্যায়
বাংলা প্রবাদ ও কৃষিবিজ্ঞান ১২০.০০
মণিমোহন দাস
গ্রামীণ সংগীতের ডালি ১৫০.০০
মহঃ জাহাঙ্গীর হোসেন
বাংলাদেশের লোকনাট্য ৪০০.০০
মালিনী ভট্টাচার্য (সম্পা.)
সুধী প্রধান স্মারক গ্রন্থ ২০০.০০





মালিনী ভট্টাচার্য ও প্রদীপ্ত বাগচি
কবিয়াল গুরুদাস পাল ৫০.০০
মিহির ভট্টাচার্য (সম্পা.)
লোকশ্রুতি প্রবন্ধ সংকলন ২০০.০০
মুকুন্দদাস ভট্টাচার্য
বরাক উপত্যকার লোকনৃত্য ৬০.০০
মুহম্মদ আয়ুব হোসেন
মহিলা কথকদের কেচ্ছা এবং রূপকথা ১০০.০০
মোহিত রায়
বোলান ৮০.০০






## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র-র প্রকাশনা

যোগেন্দ্রনাথ দাস (সংকলন) নিখিলেশ রায় (সম্পা.)
উককতার ঝোপা ১৫০.০০
রত্না রশীদ
জারি জঙ্ মোর্শিয়া ১৫০.০০
রফিকুল ইসলাম
ময়ূরপঙ্খি গান ৬০.০০
রীতা সাহা
রবীন্দ্রমানসে লোকসংগীতের প্রভাব ৩০০.০০
রেবতীমোহন সরকার
লোকসংস্কৃতির পদ্ধতিবিদ্যা ১২৫.০০
লোকনাথ দত্ত (অরুণ চৌধুরী সম্পা.)
সাঁওতাল কাহিনী : বনবীর গাথা ৫০.০০
শক্তিনাথ ঝা
আলকাপ ১২০.০০
ঝাকসু ২৫.০০
শ্রমসংগীত ১০০.০০
শশাঙ্কশেখর দাস
বনবিবি ১০০.০০
শামস্ আলদীন্
লোকসাহিত্যে নারী ২০০.০০
শ্যামল বেরা
ভাঁড়যাত্রা ৯০.০০
শিখা বন্দ্যোপাধ্যায়
লোকসংস্কৃতি চর্চা ও সুকুমার সেন ১০০.০০
শিবপদ ভৌমিক ও সুস্মিতা ভৌমিক
লোকসংস্কৃতি চর্চা ৮০.০০
শিবপ্রসাদ চট্টোপাধ্যায়
লোকায়ত পশ্চিমরাঢ় ১৩০.০০
শিবেন্দু মান্না
বাদাই গান ৪৫.০০
শিবেন্দুশেখর মিশ্র
সাঁওতাল : সমাজ সংস্কৃতি ও সংগ্রাম ২৫০.০০
শেখর বন্দ্যোপাধ্যায়
ধিমাল ৭০.০০
শ্যামাপদ বর্মন
ভাওয়াইয়া গীতিসংগ্রহ ও স্বরলিপি ১০০.০০
সহদেব মুরমু
শিকার দিসম রেয়াঃ সহরায় এনেচ্
সেরেঞ্ ১৫০.০০
সমীর চক্রবর্তী
চা বলয়ের সংস্কৃতি ২২৫.০০
সঙ্গীতা সেন
মুখোশশিল্প ৮০.০০
সাগর চট্টোপাধ্যায়
সুন্দরবনের কারুশিল্প ও কারুশিল্পী ২৫০.০০
সুজিত বিশ্বাস
অষ্টক ৮০.০০
সুব্রত চক্রবর্তী
ভাদু ১২০.০০
সুব্রত মুখোপাধ্যায়
জঙ্গলমহলের জনসংস্কৃতি ১০০.০০
সীমান্ত বাংলার লোকক্রীড়া ৩০.০০



সুবোধ চৌধুরী
ডোমনি ৬০.০০
সুবোধ বসু রায়
রাঢ়বঙ্গের কারুশিল্প ৪০.০০
সুশান্ত বিশ্বাস
মালপাহাড়িয়া ৪৫.০০
লুপ্তপ্রায় লোকসংস্কৃতি ৭৫.০০
সুহাসিনী দেবী
মেয়েলি ব্রতকথা ১৫০.০০
স্বপন মুখোপাধ্যায়
গম্ভীরার অতীত ও বর্তমান ৫০০.০০
সোমা মুখোপাধ্যায়
রাঢ়বঙ্গের লোকমাতৃকা ৪০.০০
বাংলার দাই ২৫০.০০
হরেকৃষ্ণ হালদার
বঙ্গের শ্রীখোল ৫০০.০০
হাবিবুর রহমান
সামাজিক উন্নয়নে ফোকলোর ১৫০.০০
জেলা লোকসংস্কৃতি পরিচয়
নদিয়া ১৫০.০০, বর্ধমান ১৪০.০০, বাঁকুড়া ১০০.০০,
হাওড়া ৭০.০০, মেদিনীপুর ১৪০.০০
মুর্শিদাবাদ ৪৫০.০০, পুরুলিয়া ৪০০.০০,
মালদহ ৪৫০.০০, বীরভূম ৪০০.০০,
উত্তর দিনাজপুর ৩৫০.০০
আলিপুরদুয়ার ৪০০.০০, দক্ষিণ দিনাজপুর ৪০০.০০
পশ্চিমবঙ্গের মেলা ৩০০.০০
বঙ্গীয় লোকসংগীত কোষ ৪০০.০০
লোকদেবতা ও উৎসব : নানা প্রসঙ্গ ২৫০.০০
লোকভাষার নানা দিগন্ত ১৫০.০০
রবীন্দ্রনাথের ছড়া পটুয়ার গান *প্রতিটি* ১০.০০
**Santal Architecture** *200.00*
**Folk Music and Folklore : An Anthology** *300.00*
**Hemango Biswas (ed.)**
লোকশ্রুতি (ষাণ্মাসিক গবেষণা পত্রিকা) ৫০.০০ প্রতি সংখ্যা


### ক্যাসেট ও সিডি


ঝুমুর, লালনের গান, দরবেশি গান, ভাওয়াইয়া, ভাটিয়ালি, দাশরথি রায়ের পাঁচালি, বঙ্গরঙ্গমঞ্চের লোকসংগীত, বাউল গান, ধামাইল, গোয়ালপাড়ার ভাওয়াইয়া, সাধু রামচাঁদ মুর্মুর গান, রণেন রায়চৌধুরীর মারিফতি, অনন্তবালা বৈষ্ণবীর গান, বাহা, দং, লাগড়েঁ, দরবারি ঝুমুর, ভাদু, টুসু, করম, কবিগান, ফকিরি গান, তরজা গান, তিস্তা নদীর পাড়ে পাড়ে, মেচ ও রাভা ইত্যাদি।



**প্রাপ্তিস্থান**

রবীন্দ্রসদন 'বইঘর', দক্ষিণাপণ মার্কেটে 'লোকসংস্কৃতির বই' স্টল ও কেন্দ্রের লোকগ্রামের কার্যালয়







## লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের পূর্বতন সদস্য-সচিব প্রদীপ ঘোষ প্রয়াত



তথ্য ও সংস্কৃতি বিভাগের কার্যক্রমে, মহাকরণ থেকে মধুসূদন মঞ্চ --- দৈনন্দিনতায় জড়িয়ে ছিল তাঁর সতেজ কর্মোদ্যোগ। দীর্ঘ কার্যকালে লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রের নানা কর্মসূচিতে নেতৃত্ব দিয়েছেন। ১৯৯৭ সাল থেকে ২০০৮ পর্যন্ত কেন্দ্রের সদস্য-সচিব হিসাবে তাঁর কার্যকালে নতুন নতুন পরিকল্পনার বাস্তবায়ন ঘটেছে। রাজ্য সরকারের তথ্য ও সংস্কৃতি বিভাগের যুগ্ম সংস্কৃতি অধিকর্তা হিসাবেও দায়িত্ব পালন করেছেন। নানা কর্মপ্রয়াসের নেতৃত্বে অন্যতম অগ্রণী প্রদীপ ঘোষ ৬ মে ২০২২ প্রয়াত হয়েছেন। বয়স হয়েছিল ৭২ বছর। লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্রে কর্মসূত্রে পশ্চিমবঙ্গের সমস্ত জেলায় সরকারি উদ্যোগে নানা উৎসব, অনুষ্ঠান, কর্মশালা, মেলা, আলোচনাচক্র, লোক-গবেষকদের সম্মেলন সংগঠনে তাঁর উদ্যমী ভূমিকা ছিল। রাজ্যের নানা প্রান্তের লোকশিল্পীদের সঙ্গে তাঁর আন্তরিক সংযোগ-সম্পর্কও গড়ে উঠেছিল। কবিতা ও ছড়া নিয়ে তাঁর একাধিক বই প্রকাশিত হয়েছে। লিখেছেন মুর্শিদাবাদের গ্রামজীবনের বসবাসের আত্মপরিচয়মূলক বই ‘এক গ্রামের কথা’। পরবর্তীতে অভিজ্ঞতা আর নিজস্ব উপলব্ধি মিশিয়ে লিখেছেন ‘লোকসংস্কৃতির বিপন্নতা ও অন্যান্য’। সৃষ্টিশীল কার্যক্রমে তাঁরই প্রতিষ্ঠিত ‘সূচনা কালচারাল সেন্টার’-এর আয়োজনে ২৮ মে ২০২২ কলকাতার অবনীন্দ্র সভাঘরে তাঁর স্মরণ সভা অনুষ্ঠিত হয়।

## প্রয়াণলেখ : বাংলার বরেণ্য লোকশিল্পী

**হাঁড়িরাম কালিন্দী :** নাটুয়া নৃত্যের কিংবদন্তি শিল্পী হাঁড়িরাম কালিন্দী ১৪ অক্টোবর ২০২১ প্রয়াত হয়েছেন। বয়স হয়েছিল ৮০ বছর। পুরুলিয়া জেলার বলরামপুরের পাড়দ্দা গ্রামের এই শিল্পী বিগত ষাট বছর যাবৎ এই নৃত্যধারার কুশলী শিল্পী ছিলেন। তাঁর নৃত্যধারার সঙ্গে জড়িয়ে ছিল স্বতঃস্ফূর্ত আবেগ। ঢাক বাদ্যকার হিসাবেও তাঁর দক্ষতা ও খ্যাতি ছিল।

**মধুমঙ্গল মালাকার :** প্রখ্যাত শোলাশিল্পী মধুমঙ্গল মালাকার ১৩ জানুয়ারি ২০২২ প্রয়াত হয়েছেন। বয়স হয়েছিল ৬২ বছর। দক্ষিণ দিনাজপুর জেলার মুস্কিপুর গ্রামের এই শিল্পী তাঁর শিল্পসৌকর্যের নানা নিদর্শন রেখে গেছেন। শুধু দেশে নয়, ইউরোপের নানা দেশেও কর্মশালা করেছেন। দেশবিদেশের সংগ্রহশালাতেও তাঁর কৃৎকৌশলের নমুনা সংরক্ষিত আছে।

**দুখুশ্যাম চিত্রকর :** লোকচিত্রকলার বিশিষ্ট শিল্পী ১০ মার্চ ২০২২ প্রয়াত হয়েছেন। বয়স হয়েছিল ৭৮ বছর। জড়ানো পট, বিশেষত পটের সাংগীতিক ধারায় তিনি ছিলেন অন্যতম শিল্পী। পশ্চিম মেদিনীপুর জেলার পিংলার নয়া গ্রাম থেকে, তিনি দেশে ও বিদেশে বাংলার লোকচিত্রকলা ও সংগীতের নিজস্বতা তাঁর দক্ষতায় ফুটিয়ে তুলেছেন।

**সনৎ বিশ্বাস :** পূর্ব বর্ধমান জেলার কবিয়াল সনৎ বিশ্বাস ১১ মার্চ ২০২২ প্রয়াত হয়েছেন। প্রাজ্ঞ এই শিল্পী বাংলার বিভিন্ন প্রান্তে লোকসংস্কৃতি কেন্দ্রের ব্যবস্থাপনায় কবিগান পরিবেশন করেছেন।

**ধনেশ্বর রায় :** ‘একবার উত্তরবাংলা আসিয়া যান’— কথা ও সুরে প্রাণ পেয়েছে রাজবংশী ভাষা-সংস্কৃতির এমন বহু ভাওয়াইয়া গান। প্রথমে যুক্ত ছিলেন নজরুলগীতি চর্চায়, পরে বৃহত্তর বৃত্তে ভাওয়াইয়ার টানে জড়িয়ে পড়েন। লিখেছেন অজস্র ভাওয়াইয়া গান। আলিপুরদুয়ারের আলিনগরে ছিল বসবাস। বাস্তবের মইষাল বন্ধু, গাড়িয়াল বন্ধু তো হারিয়ে গেছে— সেই দুঃখ তাঁর সুরের দরদে পেয়েছে অন্য মাত্রা। ৮৬ বছর বয়সে ২১ মে ২০২১ প্রয়াত হয়েছেন এই বরেণ্য শিল্পী।

## গবেষক ফণী পাল প্রয়াত

লোকসংস্কৃতি চর্চার প্রাজ্ঞ গবেষক ফণী পাল ৪ মার্চ ২০২২ প্রয়াত হয়েছেন। বয়স হয়েছিল ৮৩ বছর। জন্মসূত্র, পড়াশুনা ও গবেষণার পর্বে মালদহ থেকে পরবর্তীতে পশ্চিম বর্ধমানের দুর্গাপুরে কর্মসূত্রে স্থায়ী বসতি করেন। লোকসংস্কৃতি গবেষণার বহুবিস্তারি চর্চায়— গম্ভীরা, আলকাপ, সোনারায়ের পাঁচালি, বাংলার আলপনা, যাত্রাশিল্পী নীলকণ্ঠের জীবনকথা, খনগান, বাঙলার কুলাল কুম্ভকার ও রুদ্রপাল সংহিতা ইত্যাদি বইগুলি তাঁর অন্যতম গবেষণা কাজ। লোকসংস্কৃতি কেন্দ্রের পত্রিকা ‘লোকশ্রুতি’ ও ‘লোকাবার্তা’-তেও তিনি একাধিকবার লিখেছেন।

## সহজিয়া সংগঠক মধুসূদন মুখোপাধ্যায় প্রয়াত

লোকসংস্কৃতির সৃজনশীল চর্চার অন্যতম সংগঠক মধুসূদন মুখোপাধ্যায় ২৭ মে ২০২২ প্রয়াত হয়েছেন। বয়স হয়েছিল ৫৬ বছর। তাঁর অকালপ্রয়াণে এক স্বপ্ন দেখা প্রয়াসের সমাপ্তি ঘটল। প্রযুক্তিবিদ হয়েও লোকায়তের শিকড় সন্ধানেই ছিল তাঁর ভালোবাসা। কোলাঘাট ও ত্রিবেণীতে নানা আয়োজনে গ্রামীণ লোকশিল্পীদের সৃজনসন্ধানে একাত্ম হয়েছিলেন। তাঁর প্রতিষ্ঠিত ‘সহজিয়া’ সংস্থা ছিল নানা পরীক্ষানিরীক্ষার কেন্দ্র। বার্ষিক সহজিয়া সংকলনসহ অন্য প্রকাশনা সেসবেরই সাক্ষর হয়ে আছে। লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র আয়োজিত আলোচনা সভাতেও তিনি তাঁর অভিযাত্রার অভিজ্ঞতা বিনিময় করেছেন।



তথ্য ও সংস্কৃতি বিভাগের আয়োজনে কলকাতার গগনেন্দ্র শিল্প প্রদর্শশালায় অনুষ্ঠিত হল ‘বাংলার নকশি কাঁথা’ শীর্ষক প্রদর্শনী। ৭-১০ অক্টোবর ২০২১ অনুষ্ঠিত এই প্রদর্শনীতে রাজ্যের বিভিন্ন জেলার কাঁথাশিল্পীরা তাঁদের সম্ভার নিয়ে অংশগ্রহণ করেন।

# সরকারি বিভিন্ন অনুষ্ঠানে লোকপ্রসার প্রকল্পের শিল্পীরা

| ক্রমিক সংখ্যা | অনুষ্ঠানের নাম ও স্থান | তারিখ | অংশগ্রহণকারী শিল্পী |
|---|---|---|---|
| ১. | বিশ্ববাংলা শারদ সম্মান<br>বিশ্ববাংলা কনভেনশন সেন্টার<br>ইকো পার্ক, নিউ টাউন | ৮ নভেম্বর ২০২১ | ঢাক, ধুনুচি ও মহিলা ঢাকবাদ্যের মোট ৫০ জন শিল্পী অংশগ্রহণ করেন। |
| ২. | পৌষ উৎসব<br>মোহরকুঞ্জ, তালতলা মাঠ ও টালা পার্ক প্রত্যয় পূজা প্রাঙ্গণ, কলকাতা | ২৪-৩১ ডিসেম্বর ২০২১ | বাউল, ভাটিয়ালি ও ভাওয়াইয়া গান এবং ছৌ, রায়বেঁশে ও নাটুয়া নাচের সর্বমোট ৫০০ জনের বেশি শিল্পী অংশগ্রহণ করেন। |
| ৩. | গ্রাম কৃষ্টি উৎসব<br>প্রেস ক্লাব, কলকাতা | ২৪-৩১ ডিসেম্বর ২০২১ | ১০০ জনের বেশি লোকশিল্পী অংশগ্রহণ করেন। |
| ৪. | বাংলা সংগীতমেলা ও বিশ্ববাংলা লোকসংস্কৃতি উৎসব<br>রবীন্দ্রসদন-নন্দন চত্বর, কলকাতা | ২৫ ডিসেম্বর ২০২১ – ১ জানুয়ারি ২০২২ | রাজ্যের বিভিন্ন জেলার ৫০০জনের বেশি লোকশিল্পী অংশগ্রহণ করেন। |
| ৫. | প্রজাতন্ত্র দিবসের প্যারেড<br>রেড রোড, কলকাতা | ২৬ জানুয়ারি ২০২২ | ২০ জন বাউল শিল্পী অংশগ্রহণ করেন। |
| ৬. | কলকাতা আন্তর্জাতিক বইমেলা<br>সেন্ট্রাল পার্ক, সল্টলেক | ১৮ ফেব্রুয়ারি – ১৩ মার্চ ২০২২ | ১০০ জনের বেশি লোকশিল্পী অংশগ্রহণ করেন। |
| ৭. | বাংলা মোদের গর্ব<br>মোহরকুঞ্জ, কলকাতা | ১-৩ মার্চ ২০২২ | রাজ্যের বিভিন্ন জেলার ৮০ জন লোকশিল্পী অংশগ্রহণ করেন। |
| ৮. | পশ্চিমবঙ্গ দলিত সাহিত্য আকাদেমি<br>রবীন্দ্রসদন-নন্দন চত্বর, কলকাতা | ১৪ এপ্রিল ২০২২ | মোট ৯০ জন আদিবাসী নৃত্যগীত শিল্পী অনুষ্ঠানে অংশগ্রহণ করেন। |
| ৯. | বেঙ্গল গ্লোবাল বিজনেস সামিট<br>বিশ্ববাংলা কনভেনশন সেন্টার<br>ইকো পার্ক, নিউ টাউন | ২০ এপ্রিল ২০২২ | ছৌ, রায়বেঁশে, ঢাক ও ধুনুচি নাচ, শ্রীখোল, আদিবাসী নৃত্যগীত, বাউল মিলিয়ে মোট ১০১ জন শিল্পী অংশগ্রহণ করেন। |
| ১০. | ২৭-তম কলকাতা আন্তর্জাতিক ফিল্ম ফেস্টিভ্যাল<br>নজরুল মঞ্চ, কলকাতা | ২৫ এপ্রিল ২০২২ | ছৌ, রায়বেঁশে, ঢাক-ধুনুচি, শ্রীখোল, আদিবাসী নৃত্যে ওবাউল গানের মোট ১৬১ জন শিল্পী অংশগ্রহণ করেন। |
| ১১. | রামমোহন রায় সার্ধ-দ্বিশত জন্মবর্ষ পালন। পুলিস মিউজিয়াম, কলকাতা | ২২ মে ২০২২ | মোট ৩০ জন বাউল শিল্পী অংশগ্রহণ করেন। |





লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার-এর পক্ষে **কৌস্তভ তরফদার**, সচিব কর্তৃক প্রকাশিত এবং ডি অ্যান্ড পি গ্রাফিক্স প্রা. লি., ১৪৩ ওল্ড যশোর রোড, কলকাতা ৭০০ ১৩২ থেকে মুদ্রিত। কার্যালয় : লোকসংস্কৃতি ও আদিবাসী সংস্কৃতি কেন্দ্র, তথ্য ও সংস্কৃতি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার, 'লোকগ্রাম', ছিট-কালিকাপুর, কলকাতা ৭০০০৯৯। ফোন : (০৩৩) ২৪২৬-২৭২৮/২৬৩৭ (ফ্যাক্স) ই-মেল : loksanskriti@live.com
সম্পাদক : জয় গোস্বামী ॥ সহ-সম্পাদক : দীপঙ্কর ঘোষ